

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭১/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ কুতুব উদ্দিন
পিতা-মরহুম মোঃ সফিউদ্দিন
ই-৩৪, র্যাভ-২ এর পশ্চিম পার্শে
আগারগাঁও, ঢাকা।

প্রতিপক্ষ : ড. মোঃ সহিদউল্লাহ
পরিচালক-১৪
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৯-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ০৯-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে জি ই পি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- কঙ্গোতে চাষাবাদের জন্য জমি লীজ গ্রহণ সংক্রান্ত বিষয়ে গত ০৫-১২-২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে লিখিত আমার পত্রের আলোকে কৃষি মন্ত্রণালয় আমাকে গত ২১-০১-২০১৪ তারিখের পত্রের মাধ্যমে জানিয়েছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা পাওয়ার পর তদানুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। সুতরাং, এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সদয় দিক নির্দেশনা সংক্রান্ত তথ্যাদি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৬-০৪-২০১৪ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৭-০৮-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৬-০৮-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ২৯-০৯-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন ও প্রতিপক্ষ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ড. মোঃ সহিদউল্লাহ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, কঙ্গোতে চাষাবাদের জন্য জমি লীজ গ্রহণ সংক্রান্ত বিষয়ে প্রধানমন্ত্রীর বরাবর কিছু সুপারিশ সম্বলিত পত্র কৃষি মন্ত্রণালয়ে দাখিল করেন। কৃষি মন্ত্রণালয় হতে তাকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা পাবার পর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে জানানো হয়। পরবর্তীতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট উক্ত পত্রের বিষয়ে জানতে চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ:প্:দ্র:)

০৬। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১৪ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, কমিশনের সমনের প্রেক্ষিতে অভিযোগকারী জনাব মোঃ কুতুব উদ্দিন এর পত্রের বিষয়ে অত্র কার্যালয়ের পত্র গ্রহণ শাখায় রক্ষিত রেজিষ্টার পরীক্ষা করে দেখা যায় অভিযোগকারীর কোন পত্র এ শাখায় গ্রহণ করা হয়নি। আবেদনকারীর আবেদন তার কার্যালয়ে পৌঁছায়নি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সঠিক পদ্ধতি অনুসরণ এবং সুস্পষ্টভাবে তথ্য প্রাপ্তির আবেদন করলে অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহ করা সম্ভব হবে মর্মে তিনি জানান।

পর্যালোচনা

অভিযোগকারী ও প্রতিপক্ষ উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর আবেদন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে পৌঁছায়নি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সঠিক পদ্ধতি অনুসরণ এবং সুস্পষ্টভাবে তথ্য প্রাপ্তির আবেদন করলে অভিযোগকারীর প্রার্থিত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সঠিক পদ্ধতি অনুসরণ এবং সুস্পষ্টভাবে তথ্য প্রাপ্তির আবেদন করার জন্য অভিযোগকারীকে নির্দেশনা দেয়া হলো।
- ২। অভিযোগকারী তথ্য প্রাপ্তির আবেদন করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে তা সরবরাহ করার নির্দেশ প্রদান করা হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার